সরকারি আইনউদ্দীন কলেজ

মধুখালী, ফরিদপুর।

অর্ধবার্ষিক পরীক্ষা-২০২১

শ্রেণিঃ একাদশ, শিক্ষাবর্ষঃ ২০২০-২০২১

বিষয়ঃ কৃষি শিক্ষা ১ম ও ২য় পত্র , পূর্ণমাণঃ ১০০

[সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। প্রতিটি সংক্ষিপ্ত প্রশ্নের দাও। ১×২০=২০

ক) মাঠ ফসল কী?

খ) Agriculture কী?

গ) BINA এর পূর্ণরূপ লিখ।

ঘ) তুলা উন্নয়ন বোর্ড কোথায় অবস্থিত

ঙ) মাটির অম্লমান কী?

চ) নিরপেক্ষ মাটির P^H কত?

ছ) এঁটেল মাটি কাকে বলে?

জ) ভূমিক্ষয় কী?

ঝ) সেচ কী

ঞ) মালচিং কী?

ট) মৎস চাষ কী?

ঠ) প্লাঙ্কটন কী?

ড) মাছ প্রক্রিয়াজাতকরণ কী?

ঢ) হ্যাচারি কী?

ন) সম্পূরক খাদ্য কী?

ত) ক্যানিং কী?

থ) লবনজাতকরণ কী?

দ) ফরমালিন কী ?

ধ) পোল্ট্রি কী?

ন) পুলেট কী?

২। গনি মোল্লা তার জমিতে ধান চাষ করেন। কিন্তু ফজল মিয়া তার জমিতে মরিচ লাগান। মৌসুম শেষে দেখা গেল ফজল মিয়া আর্থিকভাবে বেশি লাভবান হলেন।

ক) উদ্যান ফসল কী? ১

খ) অভিজ্ঞ কৃষক স্থানীয় তথ্য ভান্ডার বলা হয় কেন? ২

গ) গনি মোল্লার চাষকৃত ফসলটি কোন জাতীয় ফসল? ব্যাখ্যা কর। ৩

ঘ) ফজল মিয়ার আর্থিকভাবে বেশি লাভবান হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৪

৩। কুতুব মিয়া তার জমিতে পর্যাপ্ত রাসায়নিক সার প্রয়োগ করার পরেও ভালো ফলন পাচ্ছে না। উপজেলা কৃষি কর্মকর্তা তার জমি পরীক্ষা করে মাটির P^H মান পেলেন 5.2। কৃষিকর্মকর্তা মাটি সংশোধনের পরামর্শ দিয়ে গেলেন।

ক) মাটির বুনট কী? ১

খ) জৈব পদার্থকে মাটির প্রাণ বলা হয় কেন? ২

গ) কুতুব মিয়ার জমিতে ফলন ভালো না হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) কুতুব মিয়া কিভাবে তার মাটি সংশোধন করবেন ব্যাখ্যা কর। ৪

৪। বিপিন তালুকদার তার নদীর ধারের জমিতে আশনুরূপ ফসল উৎপাদন করতে পারেন না। কারণ জমিতে রস থাকে না। কৃষি কর্মকর্তা মাটির বুনট সংশোধনের পরামর্শ দিলেন।

ক) ভূমি সংরক্ষণ কী? ১

খ) জমিতে মালচিং দেওয়া হয় কেন? ২

গ) উদ্দীপকের কৃষকের মাটির বৈশিষ্ট্য গুলো বর্ণনা কর। ৩

ঘ) বিপিন তালুকদার কীভাবে তার মাটির বুনট সংশোধন করলেন ব্যাখ্যা কর। ৪

৫। হারুন মোল্যা এই বছর নতুন একটি পদ্ধতিতে ধান চাষ করেন, সেখানে প্রতি গুছিতে একটি চারা ব্যবহার করেন এবং একটি বিশেষ পদ্ধতিতে পানি সেচ দেন, ফলে পানি কম লাগে।

ক) BARI এর পূর্ণরূপ কী? ১
খ) কৃষি তথ্য সেবায় মোবাইল ফোনের ভূমিকা কী? ২
গ) উদ্দীপকের পানি সেচ প্রক্রিয়াটির বর্ণনা দাও। ৩
ঘ) হারুন মোল্যা কোন পদ্ধতিতে ধান চাষ করেছিলেন ব্যাখ্যা কর। ৪

৬। জনাব করিম তার পুকুরে রাজপুঁটির পোনা ছাড়ার তিনমাস পর জাল টেনে কোন মাছ পেলেন না। কিন্তু শোল ও টাকি মাছ পেলেন। তিনি মৎস কর্মকর্তার সাথে এ ব্যাপারে কথা বললে কর্মকর্তা জানান পুকুরে বা ডোবায় মাছ ছাড়ার কিছু নিয়ম কানুন রয়েছে।
ক) মৎস কী? ১
খ) ধানক্ষেতে কোন চিংড়ি চাষ করা লাভজনক? ব্যাখ্যা কর। ২
গ) জনাব করিম কী কী পদক্ষেপ গ্রহণ করলে চাষকৃত মাছের ভালো ফলন পেতেন, বিশ্লেষণ কর। ৩
ঘ) মৎস কর্মকর্তার পরামর্শ যথাযথ মূল্যায়ন কর। ৪

৭। জনাব গোপাল দাস তার ত্রিশ শতক আয়তনের একটি পুকুরে নাইলোটিকা মাছ চাষ করেন। তার দেখাদেখি গ্রামের আরেক চাষী হরেন দাস নাইলোটিকা মাছ চাষ শুরু করে। সে পর্যাপ্ত সম্পূরক খাদ্য পুকুরে প্রয়োগ করে কাঙ্খিত ফল পায়না। গোপাল দাস হরেন দাসকে বলে নাইলোটিকা চাষ করতে হলে পুকুর প্রস্তুতি খুব ভালোভাবে সম্পন্ন করতে হবে।
ক) নাইলোটিকা মাছের বৈজ্ঞানিক নাম কী? ১
খ) পুরুষ ও স্ত্রী নাইলোটিকা মাছের মধ্যে পার্থক্য লিখ। ২
গ) গোপাল দাসের পুকুরে প্রয়োজনীয় সারের পরিমান ও প্রয়োগ পদ্ধতি ব্যাখ্যা কর। ৩
ঘ) গোপাল দাসের পরামর্শটির যথার্থ মূল্যায়ন কর। ৪

৮। শহিদ কক্সবাজারে বেড়াতে গিয়ে দেখল সেখানকার খোলা মাঠে রোদের মধ্যে বাঁশের খুঁটিতে ও মাচায় নানা রকম বড় ও ছোট মাছ রাখা আছে। সে ওখানকার একজন চাষীকে এ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন এটি হচ্ছে মাছ সংরক্ষণের একটি পদ্ধতি । শহিদ জানতো বরফ দিয়ে মাছ সংরক্ষণ করা হয়। ঐ চাষী তাকে পদ্ধতিটির গুরুত্ব বুঝিয়ে বলেন।
ক) মাছ হিমায়িতকরণ কী? ১
খ) পুকুরে চুন প্রয়োগ করা হয় কেন? ২
গ) শহিদ কক্সবাজারে কোন পদ্ধতিতে মাছ সংরক্ষণ দেখেছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ) শহিদের দেখা ও জানা মাছ সংরক্ষণ পদ্ধতির মধ্যে কোনটি অধিক গুরুত্ব বহন করে? মতামত দাও। ৪

৯। জনাব রুবেল হোসেন একজন দরিদ্র কৃষক। সে বাড়িতে মুরগি পালন করে। প্রতিদিন গড়ে ৩০ টি ডিম বিক্রি করে। মাঝে মধ্যে মুরগিও বিক্রি করে। বর্তমানে সে স্বস্ছলতার সাথে জীবনযাপন করছে।
ক) ডাকলিং কাকে বলে? ১
খ) পোল্ট্রির দুটি বৈশিষ্ট্য লিখ। ২
গ) জানাব রুবেল হোসেনের কর্মকান্ডের গুরুত্ব আলোচনা কর। ৩
ঘ) জনাব রুবেল হোসেন তার কান্ডকে আরও বেগবান করার জন্য কী করতে পারেন?
উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪